

💵 প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ প্রথম অধ্যায় - তাহারাত বা পবিত্রতা রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নুরুল ইসলাম

নিফাস সংক্রান্ত প্রচলিত কিছু কুপ্রথা - ১৩৮. নিফাস সংক্রান্ত কু-প্রথাণ্ডলো কী কী?

জ্ঞানবিজ্ঞানের এ যুগে কোন কোন এলাকায় বিভিন্ন ধরনের কুপ্রথার প্রচলন আজও আছে, যেণ্ডলো কোন ভিত্তি নেই। কুরআন হাদীসে যা করতে বলা হয়নি এমন খামাখা কিছু কুসংস্কার কেউ কেউ মেনে চলছে। এসব বিভ্রান্ত আকীদা বর্জন করুন, অন্যদেরকও বিরত রাখুন। এ জাতীয় কিছু গোমরাহী কাজের বিবরণ নিচে তুলে ধরা হলো:

- ১. জিন ভুত থেকে রক্ষা পাওয়ার জন্য ঘরের দরজা বা অন্য কোথাও ঝাড়ু, গরুর হাড়/হাডিড, কাটা বা লোহালঙ্কর ঝুলিয়ে রাখা।
- ২, জিন ভুত শিশুকে চুরি করে নিয়ে যাবে এ ভয়ে ঘরের দরজা জানালা বন্ধ করে রাখা।
- ৩. শিশুর আকীকা না করা পর্যন্ত শিশুর মাকে কূপের দড়ি, বালতি, হাড়িপাতিল ইত্যাদি ধরতে বা ব্যবহার করতে না দেওয়া।
- ৪. গোসল না করিয়ে কাউকে আতুড় ঘরে ঢুকতে না দেওয়া।
- ৫. যে ঘরে সন্তান প্রসব হয়েছে সে ঘরে কোন বীজ বা শস্যদানা থাকলে সে বীজ বপন করা যায় না বলে ধারণা করা ইত্যাদি নানা প্রকার কুসংস্কার কমবেশি বিভিন্ন এলাকায় পরিলক্ষিত হয়। এগুলো কক্ষণো বিশ্বাস করবেন না। করলে কবীরা গোনাহ হবে ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12877

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন